



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ৫১১/নতুন/মাদারী/ ১০০৯

তারিখ: ১৭/৫/১৭

বিষয় : নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ০৯/০৫/২০১৭ তারিখের স্মারক নং- ৩৮.০০.০০০০.০৭.২২.০০১.১৬-২০৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়টি মৌলিক শর্তাবলি পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে নিম্ন মাধ্যমিক (৬ষ্ঠ-৮ম শ্রেণি) ০১/০১/২০১৭ হতে ৩১/১২/২০১৯ তারিখ পর্যন্ত মোট ৩ (তিন) বছরের জন্য প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

### শর্তসমূহ :

- ১। প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- ২। পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রত্যাহার করা হবে।
- ৩। এ পত্র ইস্যুর তারিখ হতে ১ (এক) মাসের মধ্যে নির্বাহী কমিটি গঠন করতে হবে।
- ৪। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যা বাড়াতে হবে, শ্রেণির শিক্ষা সরঞ্জাম ও বসার ব্যবস্থা আরো উন্নতমানের করতে হবে।
- ৫। বিদ্যালয়ের শিক্ষারমান উন্নীত করার জন্য শিক্ষকগণকে পাঠভিত্তিক পাঠপরিকল্পনা গ্রহণ করে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে।
- ৬। বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে।
- ৭। বিদ্যালয়ের চারিদিকে মূল্যবান আরো অধিক বৃক্ষের চারা রোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ৮। প্যাটার্ণ বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- ৯। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ১০। আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনটেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে।
- ১১। স্বীকৃতি বা নিবন্ধনপ্রাপ্তির জন্য প্রতিষ্ঠানকে কমপক্ষে একবার সমাপনী (৮ম শ্রেণি) পরীক্ষায় শিক্ষার্থীদের অংশগ্রহণ করতে হবে। অধ্যয়নরত শিক্ষার্থীর ন্যূনতম ৭৫% সমাপনী (৮ম শ্রেণি) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং উক্ত পরীক্ষায় ন্যূনতম ৭০% শিক্ষার্থীকে কৃতকার্য হতে হবে।
- ১১। নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

এ.টি.এম. মইনুল হোসেন

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক: প্রধান শিক্ষক

কাষ্টগড় তালুকদার বাড়ি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়

পোঃ- কালকিনি, উপজেলা- কালকিনি

জেলা- মাদারীপুর।

মেমো নং- ১০০৯ (১)

তারিখ: ১৭/৫/১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। পরিচালক, বেনবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, মাদারীপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, কালকিনি, মাদারীপুর।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর।
- ৮। চেয়ারম্যান, পরিচালনা কমিটি, কাষ্টগড় তালুকদার বাড়ি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়।
- ৯। অফিস কপি।

17.05.17

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

১৭/৫/১৭



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ৫১১/নতুন/মাদারী/ ১০১০

তারিখ : ১৭/৫/১৭


বিষয় : নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ০৯/০৫/২০১৭ তারিখের স্মারক নং- ৩৮.০০.০০০০.০৭.২২.০০১.১৬-২০৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে নিম্নেবর্ণিত প্রামাণ্য কাগজপত্র এ দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

- (১) বিদ্যালয়ের নামে শর্তমুক্ত জমির দলিল, খারিজ, অখন্ড সনদ ও নাম খারিজ পর্চা।
- (২) হালসন নাগাদ খাজনা পরিশোধের রশিদ।
- (৩) শিক্ষক-কর্মচারীর নামের তালিকা, শিক্ষক নিয়োগ সংক্রান্ত যাবতীয় কাগজপত্র ও সনদপত্র (নিবন্ধনকৃত)।
- (৪) এলাকার জনসংখ্যা সনদপত্র।
- (৫) পার্শ্ববর্তী ৪ (চার)টি বিদ্যালয়ের শ্রেণি ভিত্তিক ছাত্র-ছাত্রীর তালিকা ও অনাপত্তিপত্র (স্বস্থ বিদ্যালয়ের প্যাডে)।
- (৬) পার্শ্ববর্তী ৪ (চার)টি বিদ্যালয়ের দূরত্ব সনদ।
- (৭) শ্রেণি ভিত্তিক শিক্ষার্থীর তালিকা ও লাইব্রেরিতে ১০০০ বইয়ের তালিকা।
- (৮) সংরক্ষিত তহবিলে ৩০,০০০/- টাকা ও সাধারণ তহবিলে ৩০,০০০/- টাকা জমার ব্যাংক সনদ।
- (৯) নির্বাহী কমিটির রেজুলেশনের কপি।
- (১০) জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিদ্যালয় প্রতিষ্ঠা সম্পর্কে অনাপত্তিপত্র।
- (১১) ফি বাবদ ৬,০০০/- (ছয় হাজার) টাকা জমাদানের রশিদ।
- (১২) ৩০০/- (তিনশত) টাকা মূল্যের ননজুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা।

চেয়ারম্যানের আদেশক্রমে

  
17-05.17

এ.টি.এম. মইনুল হোসেন

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

✓ কাষ্টগড় তালুকদার বাড়ি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়  
পোঃ- কালকিনি, উপজেলা- কালকিনি  
জেলা- মাদারীপুর।

  
১৭/৫/১৭